

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
(পার-৩ অধিশাখা)

www.mohfw.gov.bd, www.hsd.gov.bd

নং-৪৫.১৪৪.০৮০.০০.০০.০০১.২০১৭-২১১

তারিখ: ১৬.০৩.২০২০ খ্রিঃ


বিষয় : বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসের কর্মকর্তাদের জুনিয়র কনসালটেন্ট পদে পদোন্নতির নিমিত্তে স্বাস্থ্য অধিদপ্তর হতে প্রাপ্ত খসড়া তালিকা প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসের কর্মকর্তাদের জুনিয়র কনসালটেন্ট পদে পদোন্নতির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে অনলাইনে আবেদন ও হার্ডকপি জমা প্রদানের প্রেক্ষিতে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত বিভিন্ন বিষয়ের কর্মকর্তাদের তথ্য সম্বলিত খসড়া তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে (যা কর্মকর্তাদের আবেদনের ভিত্তিতে তৈরী এবং তা কোনরূপ জ্যেষ্ঠতার তালিকা নয়)। এছাড়া সহকারি অধ্যাপক পদে পদোন্নতির জন্য আবেদন করেছেন কিন্তু জ্যেষ্ঠতার কারণে পদোন্নতি পাননি, তাঁদের মধ্যে জুনিয়র কনসালটেন্ট পদে পদোন্নতি যোগ্য ৩৩৩ জনের তালিকা প্রস্তুত করা হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তর হতে প্রাপ্ত তালিকা এবং সহকারি অধ্যাপক পদে পদোন্নতি হয়নি এরূপ তালিকা থেকে প্রাপ্ত ৩৩২ জনের তালিকা মন্ত্রণালয় ও স্বাস্থ্য সেবা বিভাগের ওয়েবসাইটে (www.mohfw.gov.bd এবং www.hsd.gov.bd) প্রকাশ করা হলো।

খসড়া তালিকায় চাকুরী স্থায়ীকরণ, সিনিয়র স্কেল পাশ এবং ২০১৮ সাল পর্যন্ত বিগত ৫ বছরের (২০১৪-২০১৮) এসিআরসহ অন্যান্য তথ্যের ঘাটতির বিষয় শূন্য (০) দ্বারা চিহ্নিত করা হয়েছে। তথ্যে কোনরূপ অসামঞ্জস্য পরিলক্ষিত হলে তা আগামী ১৯/০৩/২০২০ তারিখের মধ্যে per3@hsd.gov.bd ই-মেইলে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। উক্ত সময়ের পর প্রাপ্ত কোন ধরনের তথ্যাদি বিবেচিত হবে না। উল্লেখ্য, স্বাস্থ্য অধিদপ্তরের অনলাইনে আবেদন পত্র জমা ও হার্ডকপি জমার সর্বশেষ তারিখ (০৬.১১.২০১৯) এর পরবর্তী সময়ে দাখিলকৃত আবেদনপত্র এবং পরীক্ষায় উত্তীর্ণ সংক্রান্ত কোন প্রমানক তথ্যাদি গ্রহণযোগ্য হবে না।

উল্লেখ্য, জুনিয়র কনসালটেন্ট পদে পদোন্নতির জন্য সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর ডিগ্রী/ডিপ্লোমাসহ অন্যান্য শর্তের পাশাপাশি সন্তোষজনক চাকুরিকাল, চাকুরি নিয়মিতকরণ (প্রযোজ্য ক্ষেত্রে), চাকুরি স্থায়ীকরণ, সিনিয়র স্কেল পরীক্ষা উত্তীর্ণ (প্রযোজ্য ক্ষেত্রে), বিগত ০৫ (পাঁচ) বছরের (২০১৪-২০১৮) এসিআরসহ ০৫ বছর চাকুরিকাল পূর্তি আবশ্যিক। আরো উল্লেখ্য যে, বিধি অনুযায়ী চাকুরির বয়স ১৫ বছর অথবা সংশ্লিষ্ট কর্মকর্তার বয়স ৫০ বছর পূর্ণ হলে তিনি সিনিয়র স্কেল পাশ হতে অব্যাহতি পাবেন।

[বিঃদ্রঃ (০) দ্বারা চিহ্নিত ব্যতিত অন্য কোন বিষয়ে মেইল প্রেরণ না করার জন্য অনুরোধ করা হলো। অন্যান্য বিষয় সংশ্লিষ্ট কর্মকর্তার HRIS থেকে সংশোধন করা হবে।]


২৬/৩/২০২০
(উস্মে রেহানা)
উপসচিব

ফোন নং ৯৫৪৯১২৮

per3@hsd.gov.bd

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। যুগ্ম-সচিব (পার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।